

advertisement

কুবিকে ভিসির সেশনজটমুক্ত করার ঘোষণা

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা।

১৬ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ জুলাই ২০১৯ ০০:১৫



কুবিকে ভিসির
সেশনজটমুক্ত
আমাদের ময়ৃ

সেশনজটমুক্ত কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন উপাচার্য প্রফেসর ড. এমরান কবির চৌধুরী। গতকাল সোমবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত তিন ও বিভাগীয় প্রধানদের সঙ্গে মতবিনিময় সভায় এ প্রত্যয় ব্যক্ত করেন তিনি। উপাচার্যের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার প্রফেসর ড. মো. আবু তাহের ও পরীক্ষা নিয়ন্ত্রক।

সভার শুরুতে উপাচার্য বিভাগের চেয়ারম্যানদের কাছে বিভাগের সেশনজট বিষয়ে তথ্য জানতে চান। বিভাগীয় চেয়ারম্যানরা তাদের নিজ নিজ বিভাগের সেশনজটের তথ্য উপাচার্যের কাছে তুলে ধরেন। তথ্যগুলো হলো গণিত বিভাগ ২ থেকে ৩ মাস, পদার্থবিজ্ঞান বিভাগ ১ বছর, পরিসংখ্যান বিভাগ ৩ থেকে ৪ মাস, রসায়ন বিভাগ ২ বছর, ফার্মেসি বিভাগ ৪ মাস, ইংরেজি বিভাগ ৬ মাস, বাংলা বিভাগ শূন্য মাস, অর্থনীতি বিভাগ ৬ মাস, লোকপ্রশাসন বিভাগ ৩ থেকে ৪ মাস, ন্যূবিজ্ঞান বিভাগ শূন্য মাস, প্রত্তেকন্ত্র বিভাগ ৯ মাস, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ ৩ থেকে ৪ মাস, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগ ৩ থেকে ৪ মাস, এআইএস বিভাগ ৩ থেকে ৪ মাস, মার্কেটিং বিভাগ ২ মাস, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ ৩ মাস, সিএসই বিভাগ ৬ মাস, আইসিটি বিভাগ ১ থেকে দেড় বছর ও আইন বিভাগের ৩ থেকে ৪ মাসের সেশনজট রয়েছে।

উপাচার্য সভায় উপস্থিত তিন ও বিভাগীয় প্রধানদের সেশনজট নিরসনে দিকনির্দেশনা প্রদান করেন।

সভায় সিদ্ধান্ত হয়, ডিন ও বিভাগীয় প্রধানরা নিয়মিতভাবে বিষয়টি তদারক ও প্রশাসনকে অবহিত করবেন। প্রশাসন ওই মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

advertisement